



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-১৪

০৪ আগস্ট ২০২৪

তারিখ: -----

২০ শ্রাবণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকের আইন বিভাগ/লিগ্যাল টিম শক্তিশালীকরণ প্রসঙ্গে

সামগ্রিক ঋণ ব্যবস্থাপনায় আদায় কার্যক্রম সুসংহত করার ক্ষেত্রে ব্যাংকের আইন বিভাগ/লিগ্যাল টিমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যাংকিং সেক্টরে বিদ্যমান খেলাপী ঋণের একটি উল্লেখযোগ্য অংশ অর্থ ঋণ আদালতে মামলাধীন। এতদ্ব্যতীত অনেক খেলাপী ঋণের বিপরীতে ঋণগ্রহীতা কর্তৃক মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগে রিট পিটিশন দায়েরকৃত রয়েছে। উক্ত মামলাসমূহের বিপরীতে যথাযথ আইনী পদক্ষেপ গ্রহণের জন্য ব্যাংকের আইন বিভাগ/লিগ্যাল টিমকে অধিকতর শক্তিশালী করা হলে তা অর্থ ঋণ আদালত ও মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগে বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণে সহায়ক ভূমিকা পালন করবে। ফলে একদিকে যেমন আদালতে বিচারাধীন মামলার সংখ্যা হ্রাস পাবে অন্যদিকে সুষ্ঠু ঋণ ব্যবস্থাপনা ও ব্যাংকের খেলাপী ঋণ আদায়ের মাধ্যমে শ্রেণিকৃত ঋণের হার হ্রাস পাবে এবং ব্যাংকের আর্থিক সক্ষমতা বৃদ্ধি পাবে। বর্ণিত প্রেক্ষাপটে, দেশের ব্যাংকিং খাতের জন্য ঘোষিত কর্মকৌশলের পথনকশা (Roadmap) বাস্তবায়ন এবং খেলাপী ঋণ আদায়ে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ব্যাংকের আইন বিভাগ/লিগ্যাল টিম (যে নামেই অভিহিত করা হোক) কর্তৃক দায়িত্বশীল ও কার্যকর উদ্যোগ গ্রহণ নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

২। আইন বিভাগ/লিগ্যাল টিমের কাঠামো:

- ক) ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে একজন চীফ লিগ্যাল অফিসার (Chief Legal Officer) পদায়ন করতে হবে। তিনি মামলাধীন ঋণসমূহের মামলা দ্রুত নিষ্পত্তির নিমিত্ত প্রয়োজনীয় নীতি, কৌশল ও পদ্ধতি প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন;
- খ) চীফ লিগ্যাল অফিসারকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক (LL.B) ডিগ্রিধারী হতে হবে এবং ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের আইন বিভাগ/লিগ্যাল টিমে ন্যূনতম ৫ বছর কাজের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট মামলা পরিচালনার ক্ষেত্রে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া বার-এট-ল, আইন বিষয়ে মাস্টার্স (LL.M), পিএইচডি ডিগ্রি বা আইন বিষয়ে বিশেষায়িত উচ্চতর ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
- গ) অর্থ ঋণ আদালত ও মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগে বিচারাধীন মামলার সংখ্যা এবং এর বিপরীতে অনাদায়ী অর্থের পরিমাণের উপর ভিত্তি করে আইন বিভাগ/লিগ্যাল টিমে প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনবল বহাল করতে হবে। অধিকন্তু, আইন বিভাগ/লিগ্যাল টিমে বহালকৃত ন্যূনতম এক-তৃতীয়াংশ কর্মকর্তাকে আইন বিষয়ে ডিগ্রিধারী এবং ব্যাংকিং বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
- ঘ) ঢাকা ও চট্টগ্রামে মামলাধীন ঋণের সংখ্যা ও পরিমাণের আধিক্য বিবেচনায় উক্ত অঞ্চল দুটির জন্য একজন সার্বক্ষণিক (dedicated) উর্ধ্বতন কর্মকর্তা বহাল করতে হবে;

চলমান পৃষ্ঠা/০২

- ঙ) বিচারাধীন মামলার অগ্রগতি প্রতিবেদন মাসিক ভিত্তিতে চীফ লিগ্যাল অফিসার কর্তৃক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে আইন বিভাগ/লিগ্যাল টিম কর্তৃক ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে;
- চ) আইন কর্মকর্তাদের প্রশাসনিক ও গবেষণা সহায়তা প্রদান, নথি ব্যবস্থাপনা, মামলা প্রস্তুতি এবং ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবীর সাথে সমন্বয়ে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী আইন বিভাগ/লিগ্যাল টিমে বহাল করতে হবে;
- ছ) আইন বিভাগ/লিগ্যাল টিমে বহালকৃত কর্মকর্তাদের আইন বিষয়ে উৎকর্ষতা সাধনের নিমিত্ত নিয়মিতভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
- জ) ব্যাংকের মামলাধীন ঋণ সংক্রান্ত কেইসসমূহ নিষ্পত্তির নিমিত্ত ষাণ্মাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং এরূপ লক্ষ্য অর্জনে সমর্থ কর্মকর্তাদের জন্য বিশেষ প্রণোদনা প্রদানের ব্যবস্থা রাখতে হবে।

৩। প্যানেল আইনজীবী নিয়োগের যোগ্যতা:

- ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক (LL.B) ডিগ্রি থাকতে হবে। এছাড়া বার-এট-ল, আইন বিষয়ে মাস্টার্স (LL.M), পিএইচডি ডিগ্রি বা আইন বিষয়ে বিশেষায়িত উচ্চতর ডিগ্রি অর্জনকারীদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
- খ) বাংলাদেশ বার কাউন্সিল বা সংশ্লিষ্ট আঞ্চলিক বার অ্যাসোসিয়েশনের সদস্যপদ থাকতে হবে;
- গ) প্রশাসনিক ট্রাইবুনাল, প্রশাসনিক আপিল ট্রাইবুনাল, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে মামলা পরিচালনাকারী দক্ষ আইনজীবীগণকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- ঘ) দেওয়ানি, ফৌজদারি, দেউলিয়া বিষয়ক আদালত বা অর্থ ঋণ আদালতে মামলা পরিচালনায় কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আদালতের কার্যক্রম, সালিশ, মধ্যস্থতা এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি ফোরামে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করার অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- ঙ) শ্রেণিকৃত ঋণের হার ১০% বা ততোধিক রয়েছে এরূপ ব্যাংক কর্তৃক প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কমপক্ষে ৫০ শতাংশ প্যানেল আইনজীবীর ইতঃপূর্বে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করার অভিজ্ঞতা থাকতে হবে;
- চ) কোনো আইনজীবীকে সর্বোচ্চ ২ বছর মেয়াদের জন্য প্যানেলভুক্ত করা যাবে। তবে মেয়াদ পূর্তির তিন মাস পূর্বে প্যানেলভুক্ত আইনজীবীর পারফরম্যান্স মূল্যায়ন সাপেক্ষে পুনরায় প্যানেলভুক্ত করা যাবে;
- ছ) ফৌজদারি অপরাধে ১ বছর বা ততোধিক সময়ের জন্য দণ্ডপ্রাপ্ত কোনো আইনজীবী প্যানেলভুক্তির যোগ্য হবেন না। প্যানেলভুক্ত কোনো আইনজীবী ফৌজদারি মামলায় ন্যূনতম ১ বছরের জন্য দণ্ডপ্রাপ্ত হলে উক্ত আইনজীবীকে অনতিবিলম্বে প্যানেল হতে বাদ দিতে হবে;
- জ) ‘অনুচ্ছেদ ছ’-এ বর্ণিত কারণ ব্যতীত ব্যাংকের স্বার্থ পরিপন্থী কোনো কারণে প্যানেলভুক্ত কোনো আইনজীবীকে প্যানেল হতে বাদ দেয়া হলে পরবর্তীতে ৩ বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত উক্ত আইনজীবীকে পুনরায় প্যানেলভুক্ত করা যাবে না;
- ঝ) ব্যাংকের কোনো আইনজীবীকে প্যানেল হতে বাদ দেয়া হলে উক্ত আইনজীবীর মাধ্যমে পরিচালিত মামলা অনতিবিলম্বে অন্য প্যানেলভুক্ত আইনজীবীর মাধ্যমে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। প্যানেলভুক্ত আইনজীবীর পারফরম্যান্স মূল্যায়ন:

ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবীর পারফরম্যান্স বার্ষিক ভিত্তিতে মূল্যায়ন করতে হবে এবং মূল্যায়নকালে মামলা নিষ্পত্তির পরিমাণ ও হার, নির্ধারিত সময়ে যথাযথ ও মানসম্মত আইনী মতামত প্রদান, আদালতে উপস্থিতির হার ও প্রত্যক্ষভাবে মামলা পরিচালনা, মামলা সংশ্লিষ্ট শাখা/অফিসের সাথে যোগাযোগ রক্ষাসহ অন্যান্য পেশাগত যোগ্যতা বিবেচনা করতে হবে।

৫। উপরোক্ত বিষয়াদিকে ন্যূনতম ক্রাইটেরিয়া হিসেবে বিবেচনাপূর্বক ব্যাংক এতদসংক্রান্ত বিষয়ে নিজস্ব নীতিমালা প্রণয়ন করবে।

৬। ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ তাদের খেলাপী বিনিয়োগ আদায় কার্যক্রম জোরদার করার লক্ষ্যে উপরোক্ত নীতিমালার আলোকে নিজস্ব নীতিমালা প্রণয়ন করবে।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৮। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২